

ক্লিনিক্যাল ফার্মাসিস্টরা অত্যন্ত যোগ্যতাসম্পন্ন স্বাস্থ্য পেশাদার হয়ে থাকেন, ওষুধের ব্যাপারে বিশেষজ্ঞ-এ পরিণত হতে এবং কিভাবে ওষুধগুলো কাজ করে সে ব্যাপারে তারা বছর ধরে প্রশিক্ষণ নিয়ে থাকেন।

তারা সরাসরি আপনার সাথে কাজ করতে পারেন, জেনারেল প্র্যাকটিস টিমের অংশ হিসাবে, এটা নিশ্চিত করতে যে আপনার ওষুধগুলো আপনাকে ভালো হয়ে উঠতে এবং ভালো থাকতে সাহায্য করছে।

একটি প্র্যাকটিস টিমে একজন ফার্মাসিস্ট থাকার অর্থ হচ্ছে আপনার প্রয়োজনগুলোর সময়ে একজন শ্রেষ্ঠ পেশাদার দ্বারা আপনার চিকিৎসা করাতে পারা।

সকল ফার্মাসিস্টই জেনারেল ফার্মাসিউটিক্যাল কাউন্সিল (General Pharmaceutical Council)-এর অধীনে নিবন্ধিত।

আরও অধিক তথ্য এবং কেস স্টাডিজ-এর জন্য, দয়া করে ভিজিট করুন এনএইচএস ইংল্যান্ড

www.england.nhs.uk/commissioning/primary-care-comm/gp-action-plan/cp-gp-pilot

এবং রয়্যাল ফার্মাসিউটিক্যাল সোসাইটি

www.rpharms.com/our-campaigns/pharmacists-and-gp-surgeries

প্রদত্ত ছবিগুলো স্যাটেলাইট পিকচারস (Satellite Pictures) এবং দ্যা ওল্ড স্কুল সার্জারি, ব্রিস্টল (The Old School Surgery, Bristol)-এর সৌজন্যে পাওয়া।

2904815

একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্ট কি করেন?

Bengali

STAYWELL



কখন আমি একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্টকে দেখবো?

আপনি একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্টকে তখনই দেখবেন যখন আপনার ওষুধগুলোর ব্যাপারে আপনার বিশেষজ্ঞ পরামর্শের প্রয়োজন হয়।

যদি আপনার অসুস্থতার জন্য পরীক্ষা করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে সাধারণত প্রথমে আপনাকে একজন জিপিকে দেখাতে হবে, তিনি তারপর হয়তোবা আপনাকে একজন প্র্যাকটিস নার্স বা ক্লিনিক্যাল ফার্মাসিস্ট-এর কাছে রেফার করতে পারেন।

**একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্ট কীভাবে সাহায্য করতে পারেন
নিম্নে তার কিছু উদাহরণ দেয়া হল:**

দীর্ঘস্থায়ী অসুস্থতা

যদি আপনার কোন একটি অসুস্থতা যেমন হাঁপানি, টাইপ 2 ডায়াবেটিস, বাত বা উচ্চ রক্তচাপ থেকে থাকে, সেক্ষেত্রে ক্লিনিক্যাল ফার্মাসিস্ট যে ওষুধগুলো আপনি গ্রহণ করছেন সেগুলো আপনার জন্য সঠিক ভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করার জন্য সেগুলো নিয়ে আপনার সাথে আলোচনা করতে পারেন। আপনার অসুস্থতার নিরাময় করতে আপনাকে সাহায্য করার জন্য আপনার লাইফস্টাইলের পরিবর্তন করতে তারা আপনাকে সাহায্য করতে পারেন।

পার্শ্ব প্রতিক্রিয়ার সম্মুখীন হওয়া

যদি আপনি আপনার ওষুধগুলো গ্রহণের ফলে পার্শ্ব প্রতিক্রিয়ার সম্মুখীন হন, সেক্ষেত্রে আপনি ও ক্লিনিক্যাল ফার্মাসিস্ট এই ব্যাপারে আলোচনা করতে পারেন এবং একটি সমাধান খুঁজে বের করার জন্য একসাথে কাজ করতে পারেন, যেমন ওষুধ বা ডোজ-এর পরিবর্তন করা।

যদি আপনি একসাথে অনেকগুলো ওষুধ নিতে থাকেন, সেক্ষেত্রে ক্লিনিক্যাল ফার্মাসিস্ট এই ওষুধগুলো একসাথে ভালভাবে কাজ করছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে সাহায্য করতে পারেন।

আপনার ওষুধগুলোর পর্যালোচনা করা

যদি আপনি অনেক দীর্ঘ সময় ধরে ওষুধ নিতে থাকেন, সেক্ষেত্রে আপনাকে বছরে অন্তত একবার পর্যালোচনার জন্য দেখাতে হবে।

ক্লিনিক্যাল ফার্মাসিস্ট আপনার সকল ওষুধগুলোর পর্যালোচনা করতে পারেন, কীভাবে এগুলো আপনার জন্য কাজ করছে সে ব্যাপারে আলোচনা করতে পারেন এবং স্বাস্থ্য পরীক্ষা করতে পারেন, যেমন আপনার রক্তচাপ পরীক্ষা করা। আপনার রক্ত বা অন্যান্য পরীক্ষা করার জন্য তারা ব্যবস্থা করতে পারেন।

হাসপাতালে থাকার পরে

যদি হাসপাতালে থাকাকালীন সময়ে আপনার ওষুধগুলোকে পরিবর্তন করা হয়ে থাকে, সেক্ষেত্রে ক্লিনিক্যাল ফার্মাসিস্ট এই পরিবর্তনগুলোকে ব্যাখ্যা করতে সাহায্য করতে পারেন এবং এই ওষুধগুলো থেকে যেন সর্বোচ্চ উপকার পান সেটা নিশ্চিত করবেন।

সাধারণ অসুস্থতাসমূহ

যদি আপনি কোন সাধারণ অসুস্থতায় ভুগতে থাকেন যেমন ঠাণ্ডা, হে ফিভার, ডায়রিয়া বা চোখের সংক্রমণ, সেক্ষেত্রে আপনি আপনার জিপি-এর পরিবর্তে একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্টকে দেখাতে পারেন। ক্লিনিক্যাল ফার্মাসিস্ট হয়তোবা আপনার অসুস্থতার চিকিৎসা করার জন্য ওষুধ প্রেসক্রাইব করতে সক্ষম হবেন। প্রয়োজনে সবসময়ই আপনাকে একজন জিপি-এর কাছে রেফার করা হবে।

আপনার অ্যাপয়েন্টমেন্ট

যেভাবে আপনি একজন জিপি বা প্র্যাকটিস নার্সকে দেখান, সেভাবে আপনি একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্টকে একটি স্বতন্ত্র আলোচনা রুমে দেখাবেন।

একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্টকে দেখাবার অর্থ এই নয় যে একজন ডাক্তারের সাথে আপনার কোন অ্যাপয়েন্টমেন্ট থাকলে সেটা বদলে যাবে। আপনার প্রয়োজন হলে তখনও আপনি আপনার জিপিকে দেখাতে সক্ষম হবেন।

একজন ক্লিনিক্যাল ফার্মাসিস্ট আপনাকে আপনার ওষুধগুলো দেবেন না। আপনার উচিত আপনার ওষুধগুলো একটি কমিউনিটি ফার্মেসি বা বিতরণ করার (ডিসপেনসিং) ডাক্তারের কাছ থেকে নেয়া সাধারণত যেভাবে নিয়ে থাকেন।

যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বাতিল বা রিসিডিউল করতে হয় তবে দয়া করে সার্জারিকে জানাবেন।

